



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং- বামাশিবো/প্রশা/ চট্টগ্রাম-১৪৫/ ২৭৬৫

তারিখঃ ২৫/১০/২০১৭খ্রিঃ

বিষয় : সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য দাখিলকরণ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্মারক নং-০০.০০.১৫৭৪.০০০.০৮২.১৭-৬২৯; তারিখঃ ২৪-০৫-২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশা/চট্টগ্রাম-১৪৫/১৯৪২; তারিখঃ ২৯/০৯/২০১৬খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চট্টগ্রাম জেলার রাউজান উপজেলাধীন উরকিচর মোহাম্মদিয়া গাউছিয়া সুন্নিয়া সিনিয়র মাদ্রাসার অধ্যক্ষের বিরুদ্ধে গভার্ণিং বডি'র সভাপতি একখানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন। অভিযোগপত্রে অধ্যক্ষের বিরুদ্ধে বিনা অনুমতিতে দেশ ত্যাগ, অদক্ষতা, দায়িত্বহীনতা, সীমাহীন দুর্নীতি, সরকারি অর্থ আত্মসাৎসহ বিভিন্ন অনিয়মের বিষয়ে উল্লেখ করা হয়।

পরবর্তীতে অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য সত্রোক্ত ২নং স্মারকে উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রামকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন (কপি সংযুক্ত)। এছাড়া অধ্যক্ষ মোহাম্মদ হাসান রেজা পুনরায় অভিযোগ পত্র দাখিল করেন। দাখিলকৃত অভিযোগ ও প্রতিবেদন এবং মাদ্রাসা সংক্রান্ত নথি পর্যালোচনায় দেখা যায়, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রেরিত তদন্ত প্রতিবেদনে কতিপয় অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে সুনির্দিষ্টভাবে উল্লেখ করা হয়েছে। পক্ষান্তরে উক্ত প্রতিবেদনের স্মারক নং উল্লেখ করে অধ্যক্ষ জবাব দাখিল করেছেন। কিন্তু তাঁর বক্তব্যের সমর্থনে কোন কাগজপত্র দাখিল করেন নাই।

বর্ণিত অবস্থায়, তদন্তের বিষয় সংশ্লিষ্ট ও তাঁর (অধ্যক্ষের) বক্তব্যের সমর্থনে সকল কাগজপত্রসহ লিখিত বক্তব্য এবং ০৫.০৯.২০১৭খ্রিঃ তারিখের Notice Demanding Justice এ বর্ণিত অভিযোগের বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ আগামী ০৭ (সাত) দিনের মধ্যে লিখিত বক্তব্য বোর্ডে দাখিল করার জন্য তাঁকে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনা মোতাবেক... (১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

23.10.17

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ অধ্যক্ষ, উরকিচর মোহাম্মদিয়া গাউছিয়া সুন্নিয়া সিনিয়র মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম।

নং- বামাশিবো/প্রশা/ চট্টগ্রাম-১৪৫/

তারিখঃ /১০/২০১৭খ্রিঃ

সদয় অর্গতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি :-

১. উপজেলা নির্বাহী অফিসার, রাউজান, চট্টগ্রাম।
২. জেলা শিক্ষা অফিসার, চট্টগ্রাম।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাউজান, চট্টগ্রাম।
৪. সভাপতি-গভার্ণিং বডি, উরকিচর মোহাম্মদিয়া গাউছিয়া সুন্নিয়া সিনিয়র মাদ্রাসা, রাউজান, চট্টগ্রাম।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন : ৯৬৭৪৮৭৪